# কনডেম ঘোষিত বিক্রয়যোগ্য মালামাল বিক্রয়ের জন্য দরপত্র দলিল।

## নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-১

## ফুলবাগান, নাটোর।

## প্যাকেজ নং- (২০২৪-২০২৫ অর্থ বছর)

(প্যাকিং বক্স ও বিভিন্ন আইটেমের কন্ডাক্টর তারের ড্রামের কাঠ, সোর্ড, পাতি)

নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-১
ফুলবাগান, নাটোর-৬৪০০।

## "নিলাম দরপত্র বিজ্ঞপ্তি"

স্মারক নং-২৭.১২.৬৯৬৩.৫১১.০১.০৩৮.২৫.২৬০৬, তারিখঃ ০৮/০৫/২০২৫ খ্রিঃ

নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-১, ফুলবাগান, নাটোর এর ওএন্ডএম ষ্টোরে রক্ষিত বিভন্ন স্থান হতে আগত প্যাকিং বক্সের কাঠ, সোর্ড ও পাতি "যেখানে যে অবস্থায় আছে" ভিত্তিতে নিলামে বিক্রয়ের জন্য নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে সমিতির নির্ধারিত নিলাম দরপত্র দলিলে বিস্তারিত ঠিকানা, স্বাক্ষরসহ সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

| ক্রঃ নং | বিক্রয়তব্য মালামালের বিবরন | মালামালের স্থান ও পরিমান (কেজি) | মোট পরিমাণ | জামানতের টাকার পরিমান | দরপত্র গ্রহন ও খোলার সময়সূচি | | দরপত্র গ্রহণ ও খোলার স্থান |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | গ্রহণ | খোলা | |
| ০১ | ওএন্ডএম ষ্টোরে রক্ষিত বিভন্ন স্থান হতে আগত প্যাকিং বক্সের কাঠ, সোর্ড ও পাতি | তারের ড্রামের সোর্ড ও পাতি ১০০০ কেজি<br>তারের ড্রামের কাঠ ৫০ কেজি | ১০৫০ কেজি | উদ্ধৃত সর্বমোট মূল্যের ২৫% (পঁচিশ শতাংশ) হারে। | ১৯/০৫/২০২৫ খ্রিঃ সোমবার বেলা ১১.০০ ঘটিকা পর্যন্ত। | ১৯/০৫/২০২৫ খ্রিঃ সোমবার বেলা ১১.০৫ ঘটিকায়। | (ক) পরিচালক, পবিস মঃ ও ব্যঃ পঃ (পঃ অঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, খিলক্ষেত, ঢাকা।<br>(খ) জেনারেল ম্যানেজার এর কার্যালয়, নাটোর পবিস-১, ফুলবাগান, নাটোর। |

**শর্তাবলীঃ**

০১। উপরে বর্ণিত সময়সীমার মধ্যে উল্লেখিত ঠিকানায় রক্ষিত টেন্ডার বক্সে দরপত্র জমা প্রদান করতে পারবেন। নির্দিষ্ট সময় সীমার পর প্রাপ্ত দরপত্রসমূহ বাতিল বলে গণ্য হবে। দাখিলকৃত দরপত্রসমূহ বর্ণিত স্থানে দরদাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে। ডাক বা কুরিয়ার যোগে কোন দরপত্র গ্রহণ করা হবে না।

০২। দরপত্রসমূহ খামের উপর অবশ্যই দরপত্রের বিষয় উল্লেখ করতে হবে।

০৩। দরপত্র দলিল অত্র পবিসের ওয়েব সাইট www.pbs1.natore.gov.bd এ দেখা যাবে ও সংগ্রহ করতে হবে।

০৪। আগ্রহী দরদাতা কর্তৃক উদ্বৃত নিলাম মোট মূল্যের উপর ন্যূনতম ২৫% (পঁচিশ শতাংশ) হারে অর্থ (যা কার্যাদেশ/বিক্রয়াদেশ না হলে ফেরতযোগ্য) নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-১" এর অনুকূলে যে কোন তফসিলি ব্যাংক থেকে MICR পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে জমা দিতে হবে। চেকের মাধ্যমে কোন জামানত গ্রহণ করা হবে না। দরপত্র জামানত/নিরাপত্তা জামানত ছাড়া দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

০৫। নিলাম দরপত্রের ক্ষেত্রে আগ্রহী দরদাতাগণ দরপত্র দাখিলের পূর্বে সরকারী ছুটির দিন ব্যতীত যে কোন কার্যদিবসে অফিস চলাকালে অত্র সমিতিতে এসে নিলামযোগ্য কনডেম ঘোষিত মালামাল সমূহ পরিদর্শন করতে পারবেন।

০৬। দরপত্রে উদ্বৃত দর স্পষ্টাক্ষরে (অংকে ও কথায়) লিখতে হবে, কাটাকাটি/ওভার রাইটিং গ্রহণযোগ্য হবে না। একক দর ও মোট মূল্যে হিসাবের গড়মিল হলে 'একক দর' কে Standard ধরে নিলাম দরপত্র বিবেচনা করা হবে।

০৭। আগ্রহী দরদাতাগণ দরপত্র দলিল গ্রহণপূর্বক দর দাখিল করতে হবে এবং কনডেমঘোষিত মালামাল নিলাম দরপত্রের ক্ষেত্রে সর্বোচ্চ দরদাতার মূল্যই গ্রহণযোগ্য হিসেবে বিবেচিত হবে।

০৮। সর্বোচ্চ দরদাতাকে নিলামকৃত কনডেম ঘোষিত কমন স্টোরের মালামালসমূহ গ্রহণের বিক্রয়াদেশ আদেশ প্রদানের ১০ (দশ) দিনের মধ্যে অবশিষ্ট ৭৫% অর্থ এবং সরকারী নিয়মানুযায়ী উদ্বৃত মোট মূল্যের উপর ভ্যাট ও আয়কর সমিতিতে জমা প্রদান করে নিজ দায়িত্বে ও নিজ খরচে উক্ত মালামালসমূহ গ্রহণ করতে হবে। উল্লেখিত সময়ের মধ্যে মালামাল গ্রহণে ব্যর্থ হলে দরপত্রের সহিত প্রদেয় অর্থ (আর্নেষ্টমানি) বাজেয়াপ্ত করা হবে এবং বিক্রয়াদেশ বাতিল এবং প্রযোজ্য ক্ষেত্রে আইনগত ব্যবস্থা গ্রহন করা হবে।

০৯। দাখিলকৃত দরপত্রের সাথে অবশ্যই দরপত্র শিডিউলে চাহিত ডকুমেন্টস সংযুক্ত করতে হবে।

১০। বিস্তারিত শর্তাবলী দরপত্র দলিলে পাওয়া যাবে। শর্ত বহির্ভূত কোন সমস্যার উদ্ভব হলে কিংবা দরপত্র গ্রহণ ও বাতিলের বিষয়ে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

জেনারেল ম্যানেজার (চঃদাঃ)
নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-১
ফুলবাগান, নাটোর।
ফোন নং- ০২৫৮৮৮৭৩৮৭৫
E-Mail: natorepbs1@gmail.com

(মোঃ ফখরুল আলম)
জেনারেল ম্যানেজার (চঃদাঃ)

অনুলিপিঃ সদয় অবগতি ও নোটিশ বোর্ডে প্রচারের অনুরোধসহ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (ওয়েব সাইটে প্রদানের জন্য অনুরোধ করা হলো)।
০৩। জেলা প্রশাসক/পুলিশ সুপার, নাটোর।
০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার,..........................................পবিস-১/২/৩/৪।
০৫। নির্বাহী প্রকৌশলী, বাপবিবো, নাটোর।
০৬। উপজেলা নির্বাহী কর্মকর্তা,...........................................উপজেলা, নাটোর।
০৭। ডিজিএম (সদর-কারিগরী ও সিংড়া/পুঠিয়া/বাগমারা জোনাল অফিস), নাটোর পবিস-১।
০৮। এজিএম (অর্থ-হিসাব/আইটি), নাটোর পবিস-১ (ওয়েব সাইটে প্রকাশ করার জন্য)।
০৯। web Addres ; www.pbs1.natore.gov.bd
১০। নোটিশ বোর্ড, নাটোর পবিস-১।
১১। অফিস কপি/মাস্টার কপি।

(মোঃ ফখরুল আলম)
জেনারেল ম্যানেজার (চঃদাঃ)

## নিলাম দরদাতার প্রতি নির্দেশাবলী

| | | |
|---|---|---|
| ০১ | নিলাম দরপত্র দলিল | নিলামে বিক্রয়তব্য মালামাল, দরপত্র পদ্ধতি এবং চুক্তির শর্তাবলী এই নিলাম দরপত্র দলিলে বর্ণনা করা হইয়াছে। দরপত্র বিজ্ঞপ্তি ছাড়াও এই নিলাম দরপত্র দলিলের অন্তর্ভূক্ত হইবে নিম্নোক্ত অংশগুলিঃ<br>(ক) নিলাম দরদাতার প্রতি নির্দেশাবলী।<br>(খ) নিলামকৃত মালামালে মূল্য তালিকা।<br>(গ) কার্যাদেশ প্রাপ্তির পরে মালামাল গ্রহণের সময়সীমার তালিকা।<br>(ঘ) নিলাম দরপত্র ফরম।<br>(ঙ) নিলামে বিক্রয়তব্য মালামালের বিবরণ/বর্ণনা। |
| ০২ | নিলাম দরপত্র দলিল স্পষ্টায়ন | নিলাম দরপত্র দলিলের কোন বিধান সম্ভাব্য নিলাম দরদাতাদের কাছে অস্পষ্ট প্রতীয়মান হইলে তাহা স্পষ্টায়নের জন্য বিক্রেতার ঠিকানায় লিখিতভাবে অনুরোধ জানানো যাইতে পারে। তবে ঐ অনুরোধ অবশ্যই নিলাম দরপত্র দাখিলের সর্বশেষ তারিখের কমপক্ষে ০৭(সাত) দিন পূর্বে বিক্রেতার নিকট পৌছাইতে হইবে। বিক্রেতা লিখিতভাবে সম্ভাব্য দরদাতার অনুরোধ অনুযায়ী সংশ্লিষ্ট বিষয় স্পষ্টায়ন করিবেন। নিলাম দরপত্র বিজ্ঞপ্তিতে উল্লেখিত স্থান সমূহ হতে মালামাল গ্রহণ করতে হবে। |
| ০৩ | নিলাম দরপত্র দলিলের সংশোধন | নিলাম দরপত্র দাখিলের সর্বশেষ সময়ের পূর্বে যে কোন সময় বিক্রেতা তাহার নিজ উদ্যোগে অথবা সম্ভাব্য নিলাম দরদাতার অনুরোধে নিলাম দরপত্র দলিলের যে কোন বিধান সংশোধন করিতে পারেন। তবে যে সকল সম্ভাব্য নিলাম দরদাতা ঐ সময়ের পূর্বে নিলাম দরপত্র দলিল সংগ্রহ করিয়াছেন তাঁহাদেরকে লিখিতভাবে উক্ত সংশোধন জানানো হইবে এবং তাহা অনুসরণ করা নিলাম দরদাতাদের জন্য বাধ্যতামূলক হইবে। |

## নিলাম দরপত্র তৈরী

| | | |
|---|---|---|
| ০৪ | যে সকল দলিল দ্বারা নিলাম দরপত্র তৈরী হইবে | নিলাম দরদাতা কর্তৃক দাখিলতব্য দরপত্র অবশ্যই নিম্নোক্ত দলিলসমূহ লইয়া তৈরী হইবেঃ<br>(ক) মূল্য তালিকা (পরিশিষ্ট-১)<br>(খ) পূরণকৃত নিলামকৃত মালামাল গ্রহণের সময়সীমা তালিকা (পরিশিষ্ট-২)<br>(গ) হালনাগাদ পূরণকৃত নিলাম দরপত্র ফরম (পরিশিষ্ট-৩)<br>(ঘ) নিলাম দরপত্র দলিল ক্রয়ের রশিদ ও তারিখ<br>(ঙ) শর্তাবলীর আলোকে |
| ০৫ | নিলাম দরপত্র জামানত | ৫.১ নিলাম দরপত্রের সহিত দরদাতাকে দাখিলকৃত/উদ্ধৃত মুল্যের ২৫% নিলাম দরপত্রের সাথে জামানত হিসাবে দাখিল করিতে হইবে। উক্ত নিলাম দরপত্রের সাথে সংযুক্ত জামানতের অর্থ বাংলাদেশী যে কোন তফসীলি ব্যাংক হইতে **নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-১** এর অনুকূলে পে-অর্ডার/ডিমান্ড ড্রাফট/ব্যাংক গ্যারান্টি এর মাধ্যমে প্রদান করা যাইবে। নিলাম দরপত্রের সাথে প্রয়োজনীয় অংকের দরপত্র জামানত দাখিল না করিলে উক্ত দরপত্র নন-রেসপনসিভ হিসাবে বিবেচিত হইবে। অনুত্তীর্ণ নিলাম দরদাতাদের দরপত্র জামানত যথাশীঘ্র সম্ভব ফেরৎ প্রদান করা হইবে তবে সর্বোচ্চ নিলাম দরদাতা কর্তৃক দাখিলকৃত জামানত নিলাম মুল্যের সাথে সমন্বয় পূর্বক অবশিষ্ট অর্থ জমা গ্রহণ করা হবে। কোন অবস্থায় নিলাম দরপত্র দাখিল পরবর্তী নিলামকৃত মালামাল গ্রহণের আদেশ প্রাপ্তির পরে ৩০ দিনের অতিরিক্ত সময় অতিক্রান্ত হইবে না।<br>৫.২ দরপত্র জামানত বাজেয়াপ্ত হইয়া যাইবে যদি-<br>ক) নিলাম দরপত্রের মেয়াদ বহাল থাকা অবস্থায় কোন নিলাম দরদাতা তাহার দরপত্র প্রত্যাহার করেন। অথবা<br>খ) ১৩.১ ধারা অনুযায়ী উদ্ধৃত নিলাম দরের কোন সংশোধন গ্রহণে দরদাতা অস্বীকৃতি জানান,<br>গ) কার্যাদেশ প্রাপ্ত দরদাতার দরপত্র জামানত মোট নিলাম মুল্যের সাথে সমন্বয় পূর্বক অবশিষ্ট অর্থ জমা প্রদান না করিলে। |

| | | |
|---|---|---|
| ০৬ | নিলাম দরপত্রের মেয়াদ | নিলাম দরপত্র দাখিলের তারিখ হইতে ৯০(নব্বই) দিন পর্যন্ত দরপত্রের মেয়াদ বহাল থাকিতে হইবে। নিলাম দরপত্রের মেয়াদ ৯০ (নব্বই) দিন এর কম সময়ের জন্য হইলে দরপত্র নন-রেসপনসিভ বিবেচনা করিয়া বাতিল করা হইবে। বিশেষ এবং ব্যতিক্রমী পরিস্থিতিতে বিক্রেতা নিলাম দরদাতাকে দরপত্রের মেয়াদ বাড়ানোর অনুরোধ জানাইতে পারেন। এই অনুরোধ এবং ইহার প্রতি দরদাতার সাড়া অবশ্যই লিখিত ভাবে হইতে হইবে। তবে নিলাম দরদাতা নিলাম দরপত্রের মেয়াদ বাড়ানোর অনুরোধ প্রত্যাখান করিতে পারিবেন সে ক্ষেত্রে নিলাম দরদাতার দরপত্র জামানত বাজেয়াপ্ত হইবে না। |
| ০৭ | নিলাম দরপত্র স্বাক্ষর | নিলাম দরদাতা নিলাম দরপত্র নির্ধারিত মুল্যে ক্রয় করিয়া দাখিল করিবেন। নিলাম দরপত্রের প্রত্যেক পৃষ্ঠায় দরদাতা অথবা তাহার উপযুক্ত প্রতিনিধির স্বাক্ষর ও সীল থাকিতে হইবে। নিলাম দরপত্রের কোনরুপ কাটাকাটি, ঘষামাজা করা হইলে তাহা দরপত্র স্বাক্ষরকারী কর্তৃক অনুস্বাক্ষরিত হইতে হইবে। |

**নিলাম দরপত্র দাখিল**

| | | |
|---|---|---|
| ০৮ | নিলাম দরপত্র বন্ধকরণ ও চিহ্নিত করণ | নিলাম দরপত্র একটি খামে বন্ধ করিবেন এবং খামের উপরে ক্রেতার ঠিকানা লিখিতে হইবে তাছাড়া, খামের উপরে নিলাম দরপত্র সর্বশেষ সময়সীমার পূর্বে (১৯/০৫/২০২৫ খ্রিঃ তারিখ বেলা ১১.০৫) " খোলা যাইবে না " মর্মে লিখিতে হইবে। |
| ০৯ | নিলাম দরপত্র দাখিলের সময়সীমা | নিলাম দরপত্র অবশ্যই ১৯/০৫/২০২৫ খ্রিঃ তারিখ ১১.০০ ঘটিকার সময় বা তার পূর্বে বিক্রেতা বা তার প্রতিনিধি কর্তৃক গৃহীত হইতে হইবে। বিক্রেতা প্রয়োজন মনে করিলে দরপত্র দলিলের সকল শর্ত অপরিবর্তিত রাখিয়া দরপত্র গ্রহণের সময়সীমা বৃদ্ধি করিতে পারিবেন। |
| ১০ | দেরীতে প্রাপ্ত /আনিত নিলাম দরপত্র | বিক্রেতা কর্তৃক নির্ধারিত সময়সীমার পরে প্রাপ্ত/আনিত সকল নিলাম দরপত্র বাতিল করা হইবে এবং বন্ধ অবস্থায় নিলাম দরদাতাকে ফেরৎ প্রদান করা হইবে। |

## বিক্রেতা কর্তৃক দরপত্র খোলা ও মূল্যায়ন

| | | |
|---|---|---|
| ১১ | বিক্রেতা কর্তৃক নিলাম দরপত্র খোলা | নিধারিত তারিখ ও সময়ে নিলাম দরদাতাগণের প্রতিনিধিদের উপস্থিতিতে (যদি কেহ থাকেন) বিক্রেতা কর্তৃক নিলাম দরপত্র সমূহ খোলা হইবে। নিলাম দরদাতাগণের প্রতিনিধিগণ উপস্থিত থাকিলে অবশ্যই তাহারা উপস্থিতি তালিকায় স্বাক্ষর করিবেন। নিলাম দরপত্র খোলার সময় ক্রেতা দরাদাতার নাম, ঠিকানা, উদ্ধৃত মূল্য, দরপত্র জামানতের পরিমাণ এবং বিক্রেতার মতে প্রয়োজনীয় অন্যান্য বিষয় ঘোষণা করিবেন এবং লিপিবদ্ধ করিবেন। ১০ অনুচ্ছেদ অনুযায়ী দেরীতে দাখিলকৃত দরপত্র ব্যতীত নিলাম দরপত্র খোলার সময় অন্য কোন দরপত্র বাতিল ঘোষণা করা যাইবে না। |
| ১২ | নিলাম দরপত্র স্পষ্টায়ন | নিলাম দরপত্র মূল্যায়নকালে বিক্রেতা প্রয়োজন মনে করিলে যে কোন নিলাম দরদাতার নিকট তাঁহার নিলাম দরপত্রের উপর ব্যাখ্যা চাহিতে পারেন। তবে এই ধরণের ব্যাখ্যা এবং তার বিপরীতে সাড়া অবশ্যই লিখিতভাবে হইতে হইবে। ইহা ছাড়াও উদৃত নিলাম মূল্যের পরিবর্তন অথবা দরপত্রের মূল বিষয়ের উপর কোন ব্যাখ্যা বিক্রেতা চাহিতে পারিবেন না অথবা নিলাম দরদাতা প্রস্তাব করিতে পারিবেন না বা প্রস্তাব করার অনুমতি দেওয়া হইবে না। |
| ১৩ | প্রাথমিক যাচাই বাছাই | ১৩.১ বিক্রেতা গৃহীত নিলাম দরপত্রসমূহ প্রাথমিক যাচাই বাছাইকালে নিলাম দরপত্র দলিলের শর্তাদি অনুযায়ী নিলাম দরপত্রসমূহ পূর্ণাঙ্গ কি না, প্রয়োজনীয় দরপত্র জামানত দাখিল করা হইয়াছে কি না, নিলাম দরপত্র যথাযথভাবে স্বাক্ষরিত কি না, গাণিতিক কোন ভূল আছে কি না ইত্যাদি বিষয়ে নিশ্চিত হইবেন। গাণিতিক কোন ভুল থাকিলে নিম্নোক্তভাবে তাহা সংশোধন করা হইবেঃ<br>উদ্ধৃত একক মূল্যকে পরিমাণ দ্বারা গুণ করিয়া প্রাপ্ত মোট মূল্য এবং উদ্ধৃত মোট মূল্যের মধ্যে কোন গরমিল দেখা দিলে সেই ক্ষেত্রে একক মূল্য বহাল থাকিবে এবং সেই অনুযায়ী মোট মূল্যকে সংশোধন করা হইবে। অংকে উদ্ধৃত মূল্য এবং কথায় উদ্ধৃত মূল্যের মধ্যে কোন গরমিল দেখা দিলে সেই ক্ষেত্রে কথায় উদ্ধৃত মূল্য বহাল থাকিবে।<br>১৩.২ নিলাম দরপত্রে যে কোন ধরনের ছোট ছোট ত্রুটি, অনিয়ম বিক্রেতা উপযুক্ত মনে করিলে উপেক্ষা করিতে পারেন যদি এ ধরণের ছোট খাট/অনিয়ম কোন বড় ধরণের বিচ্যুতি হিসাবে বিবেচিত না হয়। বড় ধরণের বিচ্যুতি বলিতে, উদাহরণ স্বরুপ, প্রয়োজনীয় অংকের দরপত্র জামানত দাখিল না করা, দরপত্র ফরম তথ্য দরপত্রের অন্যান্য প্রয়োজনীয় অংশ দরদাতা কর্তৃক স্বাক্ষরিত না হওয়া, নিলামকৃত মালামাল নিধারিত সময়সীমার মধ্যে দরদাতা কর্তৃক মালামাল গ্রহণের প্রস্তাব না করা ইত্যাদি বুঝাইবে। |

| | | |
|---|---|---|
| ১৪ | নিলাম দরপত্র মূল্যায়ন ও তুলনাকরণ | গৃহীত নিলাম দরপত্রসমূহ ১৩ অনুচ্ছেদ অনুযায়ী যাচাই বাছাইকালে সর্বোতভাবে রেসপনসিভ বিবেচিত দরপত্রসমূহ বিক্রেতা মূল্যায়ন ও তুলনা করিবেন। |
| ১৫ | কার্যাদেশ প্রদানের নির্ণায়ক | ১৮ অনুচ্ছেদ সাপেক্ষে, বিক্রেতা সফল নিলাম দরদাতা অর্থাৎ যাহার নিলাম দরপত্র সর্বোতভাবে রেসপনসিভ এবং মূল্যায়িত সর্বোচ্চ নিলাম দরপত্র হিসাবে বিবেচিত হইবে তাহাকে কার্যাদেশ প্রদান করিবেন। |
| ১৬ | বিক্রেতার যে কোন অথবা সকল দরপত্র গ্রহণ/প্রত্যাখান করার অধিকার | কার্যাদেশ প্রদানের পূর্ব পর্যন্ত বিক্রেতা যে কোন নিলাম দরপত্র গ্রহণ/প্রত্যাখান করা অথবা নিলাম দরপত্র প্রক্রিয়া বাতিল অথবা সকল নিলাম দরপত্র প্রত্যাখান করার অধিকার সংরক্ষণ করেন এবং এই কারণে ক্ষতিগ্রস্থ নিলাম দরদাতা বা দরদাতাগণের নিকট বিক্রেতার কোন দায়বদ্ধতা সৃষ্টি হইবে না। |
| ১৭ | কার্যাদেশ প্রদান | নিলাম দরপত্রের মেয়াদ উত্তীর্ণ হইবার পূর্বেই বিক্রেতা সফল নিলাম দরদাতাকে লিখিতভাবে কার্যাদেশ প্রদান করিবেন। কার্যাদেশ পত্র বিক্রেতার সহিত সফল নিলাম দরদাতার চুক্তি গঠন করিবে। |
| ১৮ | নিলামকৃত মালামাল গ্রহণের পর প্রয়োজনীয় মূল্য পরিশোধ | নিলামকৃত মালামাল গ্রহণের জন্য কার্যাদেশ অনুযায়ী মালামালের ১০০% মূল্য (ভ্যাট ও আয়করসহ)নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর অনুকুলে নিম্নবর্ণিতভাবে পরিশোধ করতে হইবেঃ<br>ক) নিলামকৃত মালামালের বিবরণ, পরিমাণ, একক মূল্য এবং মোট পরিশোধযোগ্য মূল্য কার্যাদেশ অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে ভ্যাট ও আয়করসহ সমিতির ক্যাশ শাখায় নগদ/ পে অর্ডারের মাধ্যমে জমা প্রদান করিতে হইবে।<br>খ) মালামাল গ্রহণের জন্য কার্যাদেশ প্রাপ্ত ব্যাক্তি/প্রতিষ্ঠানের প্রতিনিধিকে নিলামে প্রাপ্ত মালামালের মূল্য জমা প্রদানের রশিদ ও কার্যাদেশের কপি প্রদর্শন করিতে হইবে। |
| ১৯ | শুল্ক ও কর পরিশোধ | মালামাল গ্রহণের সময়সীমা তালিকায় বর্ণিত স্থানে মালামাল গ্রহণ পর্যন্ত পরিশোধযোগ্য সকল শুল্ক ও কর নিলাম দরদাতা পরিশোধ করিতে বাধ্য থকিবেন। |

পরিশিষ্ট-২

নিলাম দ্রদাতার প্রতিষ্ঠানের নামঃ

## নিলামে প্রাপ্ত মালামাল গ্রহণের সময়সীমার তালিকা

| মালামালের বিবরণ | পরিমাণ | গ্রহণের সময়সীমা | উদ্ধৃত সময়সীমা | যে স্থান হইতে সরবরাহ করা হইবে | যে স্থানে হতে মালামাল গ্রহণ করিতে হইবে |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ওএন্ডএম ষ্টোরে রক্ষিত বিভন্ন স্থান হতে আগত প্যাকিং বক্সের কাঠ, সোর্ড ও পাতি | তারের ড্রামের সোর্ড ও পাতি ১০০০ কেজি | ১০দিন | | | নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-১ ফুলবাগান, নাটোর |
| | তারের ড্রামের কাঠ ৫০ কেজি | | | | |
| সর্বমোট | ১০৫০ কেজি | | | | |

**নোট: কার্যাদেশ প্রদানের তারিখকে মালামাল গ্রহণের সময়সীমা শুরু হইবার তারিখ গণ্য করা হইবে।**

দরদাতার স্বাক্ষর

পরিশিষ্ট-৩

# নিলাম দরপত্র ফরম
# (লেটার হেড প্যাড)

**জেনারেল ম্যানেজার**
নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-১
ফুলবাগান, নাটোর।

প্রিয় মহোদয়,

আমি/আমরা নিম্নস্বাক্ষরকারী (গণ) নিলাম দরপত্র দলিল (টেন্ডার ডকুমেন্ট) পুঙ্খানুপুঙ্খ যাচাই পূর্বক (সংশোধন সহ কনডেম ঘোষিত মালামাল **(ওএন্ডএম ষ্টোরে রক্ষিত বিভন্ন স্থান হতে আগত প্যাকিং বক্সের কাঠ, সোর্ড ও পাতি)**------------------------------------ ------------------------------------------------------- টাকায় (কথায় ---------------------------------------------------) ক্রয় করার প্রস্তাব করিতেছি। আমার/আমাদের নিলাম দরপত্র গৃহীত হইলে আমি আমরা উদ্ধৃত সময়সীমার মধ্যে অর্থাৎ সরবরাহতব্য সমূদয় নিলামযোগ্য মালামাল ----------------------- দিনের মধ্যে কার্যাদেশ প্রদান করা হইলে কার্যাদেশ অনুযাযী নিলামে প্রাপ্ত মালামাল গ্রহণ করিতে বাধ্য থাকিব।

আপনার প্রদত্ত কার্যাদেশ নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এবং আমাদের মধ্যে চুক্তি হিসাবে গণ্য হইবে।

আমি/আমরা জ্ঞাত আছি যে আপনি সর্বোচ্চ নিলাম দর অথবা যে কোন নিলাম দরপত্র গ্রহণে বাধ্য নহেন।

-----------------------------
নিলাম দরদাতার স্বাক্ষর

নাম ----------------------

পদবী ----------------------------

পূর্ণ ঠিকানা/ফোন নং

পরিশিষ্ট-১

**দরদাতা প্রতিষ্ঠানের নামঃ**

# কনডেম ঘোষিত বিক্রয়যোগ্য মালামালের মূল্য তালিকা

| ক্রঃনং | কনডেম ঘোষিত বিক্রয়যোগ্য মালামালের বিবরণ | পরিমাণ | উদ্ধৃত মূল্য | |
|---|---|---|---|---|
| | | | একক মূল্য | মোট মূল্য |
| ০১ | ওএন্ডএম ষ্টোরে রক্ষিত বিভন্ন স্থান হতে আগত প্যাকিং বক্সের কাঠ, সোর্ড ও পাতি | ১০৫০ কেজি | | |

মোট উদ্ধৃত মূল্য (অংকে) = ---------------------------------------------------------------------- টাকা

(কথায় ----------------------------------------------------------------------------------------------------)

**দরদাতার স্বাক্ষর**